

বাংলাদেশে গ্রামীণ প্রবীণদের আর্থ-সামাজিক ও ডিমেনশিয়া পরিস্থিতি

স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশন এবং এজিং সাপোর্ট ফোরাম এর যৌথ উদ্যোগে পরিচালিত বাংলাদেশে গ্রামীণ প্রবীণদের আর্থ-সামাজিক ও ডিমেনশিয়া পরিস্থিতি বিষয়ক গবেষণা কার্যক্রমের মূল প্রবন্ধ গত ১২ আগস্ট '১৫ তারিখ বিকাল ৩ টায় বাংলাদেশ ইন্সটিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটজিক স্টাডিজ এর সেমিনার হলে উপস্থাপন করা হয়। ধামরাই উপজেলার কুল্লা ইউনিয়নে পরিচালিত ১০১৫ জন প্রবীণ ব্যক্তির উপর গবেষণায় দেখা যায়, গ্রামীণ বাংলাদেশে বর্তমানে ডিমেনশিয়া আক্রান্তের হার শহুরে জনগোষ্ঠীর তুলনায় অপেক্ষাকৃত কম, গ্রামীণ প্রবীণরা তুলনামূলক বেশি কর্মক্ষম এবং বেশিরভাগ ক্ষেত্রেই পুত্রবধুরা তাদের যত্ন-আত্তি বা দেখা শোনা করেন। এছাড়াও গবেষণায় প্রতীয়মান হয়, আর্থিক নিরাপত্তা বয়স্ক জনগোষ্ঠীর জীবন-মান ও শারীরিক অবস্থা উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে। অনুষ্ঠানে জাতীয় মানবাধিকার কমিশনের পূর্ণকালীন সদস্য জনাব কাজী রেজাউল হক প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। উল্লেখযোগ্য অতিথিদের মধ্যে ছিলেন- ফাউন্ডেশনের এক্সিকিউটিভ ডাইরেক্টর ড. রহমান জিলানী, অস্ট্রেলীয়ার কুইন্সল্যান্ড ইউনিভার্সিটি ভিজিটর- ফ্রাঙ্ক জে শেফার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর আইএসডব্লিউআর এর পরিচালক প্রফেসর ড. এ এস এম আতিকুর রহমান, আলবাইমারস ডিজিজ ইন্টারন্যাশনাল এর রিজিওনাল ডিরেক্টর, এশিয়া পেসিফিক রিজিয়ন ফ্রান্সিস ওয়ং, ঢাকা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক। এছাড়াও দেশী-বিদেশী শতাধিক বার্ষিক বিশেষজ্ঞ, চিকিৎসক, ডিমেনশিয়া বিশেষজ্ঞ, এনজিও প্রতিনিধি ও মিডিয়া প্রতিনিধি অংশগ্রহণ করেন। সম্পূর্ণ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ফাউন্ডেশনের কান্ট্রি ডিরেক্টর মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:)। এজিং সাপোর্ট ফোরাম এর সেক্রেটারী মাসুদ ইবনে রহমান গবেষণার বিষয় বস্তু উপস্থাপন করেন।



On 12 August 2015, a seminar was organised jointly by Sir William Beveridge Foundation and Ageing Support Forum of Bangladesh to discuss the findings of the research on the subject of “Socio-economic Empowerment of Rural Elders and Dementia” at the main seminar hall of the Bangladesh Institute of International and Strategic Studies (BISS). The research was conducted with participation of over 1000 elders in the area of Kulla Union of Dhamrai sub-district of Dhaka division. It was discovered that the number of elderly dementia sufferers were lower in the villages in comparison to city areas. Elders living in village areas are generally found to be more physically active. It was also found that the daughters in-law of the families act as the main care givers. If economic security could be sustained for these groups of elders, they could remain in better condition physically compared to urban elders. Mr. Kazi Rezaul Haque – Full time member of the Human Rights Commission of Bangladesh, acted as the Chief Guest at the seminar. It was attended by Rahman Jilani Ph.D, Founder and Executive Director of Sir William Beveridge Foundation, Frank J Schaper – a fellow of Queensland University of Australia, Professor Dr. A S M Atiqur Rahman of the University of Dhaka, Francis Wong- Regional Director of World Alzheimer’s International, the Additional Deputy Commissioner of Dhaka. The delegates also included over 100 individuals from various backgrounds in Gerontology, Health Professionals, Journalists and other News media professionals and representatives from various NGOs of the country. The occasion was conducted by Major General (retd) Jiban Kanai Das – Country Director of Sir William Beveridge Foundation. The entire findings of the research have been presented by Dr. Masud Ibn Rahman- Secretary of the Ageing Support Forum.

Working for a better society

ফাউন্ডেশনের চেয়ারম্যান এবং এক্সিকিউটিভ ডাইরেক্টরের বাংলাদেশ অফিস ভিজিট

ফাউন্ডেশনের চেয়ারম্যান মাইকেল ওকীফ এবং এক্সিকিউটিভ ডাইরেক্টর ৮ আগস্ট '১৫ হোমকেয়ার সার্ভিস এর আওতায় পরিচালিত ঢাকা শহরের বিভিন্ন এলাকার ক্লায়েন্টদের বাড়িতে বাড়িতে গিয়ে তাদের সাথে দেখা করে স্বাস্থ্যের অবস্থার সার্বিক খোঁজ খবর নেন এবং পরিবারের সদস্যদের সাথে মত বিনিময় করেন। এরপর এসআরপিডি প্রজেক্ট ভিজিট করেন। ফাউন্ডেশনের সকল কোর এবং কেয়ার স্টাফদের সাথে মিটিং করেন, সর্বস্তরের সার্বিক অবস্থা নিয়ে আলোচনা করেন। স্ট্রোক রিহ্যাবিলিটেশন এন্ড ফিজিওথেরাপি সেন্টার (এসআরপিডি) আনুষ্ঠানিকভাবে শুভ উদ্বোধন করেন এবং এর উত্তর উত্তর সমৃদ্ধি কামনা করেন। এক্সিকিউটিভ ডাইরেক্টর ড. রেজাউর রহমান জিলানী ৪ জুলাই '১৫ বাংলাদেশে আসেন। তিনি বেভারিজ ক্লায়েন্টদের বাসায় বাসায় গিয়ে স্বশরীরে উপস্থিত থেকে তাদের শারীরিক অবস্থার খোঁজ খবর নেন। কোর এবং কেয়ার স্টাফদের বিভিন্ন প্রশিক্ষণ দেন এবং তাদের সাথে মতবিনিময় করেন। বেভারিজ ক্লায়েন্ট পরিবারের সদস্যদের সাথে চেয়ারম্যান, এক্সিকিউটিভ ডাইরেক্টর এবং কান্ট্রি ডিরেক্টর এর মত বিনিময়, পরামর্শ এবং চা চক্রের আয়োজন করা হয়।



On 8 August 2015, Michael O'Keefe, Chairman of the Foundation has visited Dhaka branch. During his short visit he joined both Office and field staff and participated in various activities which included home visits and meeting service users and their family members in the older and newer parts of the capital. During this visit, he formally inaugurated our new project which is known as "Stroke Rehabilitation & Physiotherapy Centre and wished this project would bring back smile to many stroke victims in Bangladesh. He also met huge number of our Beveridge Care Givers serving the community, praised them for their hard and sincere works during the recent politically disturbed time. He hoped that they would continue their sincere works and would help creating a better society.



Dr. R Jilani, Founder and Executive Director of the Foundation visited Bangladesh from 4th of July to date. During this tour, he has visited service user homes, organised and conducted specialised healthcare training sessions for care staff, met with government officials, relevant stakeholders, and supporters of the Foundation. Also, numerous meetings have been conducted with local and international funding bodies to secure financial support for the Foundations works in Bangladesh. An overall audit has been taken for the organisation by Dr. Rahman Jilani for the Board of Trustees in the United Kingdom.



বিশ্ব ফিজিওথেরাপি দিবস উপলক্ষে বিনামূল্যে ফিজিওথেরাপি ও আলঝাইমারস লিফলেট বিতরণ

গত ৮ সেপ্টেম্বর 'বিশ্ব ফিজিওথেরাপি দিবস' উপলক্ষে ফাউন্ডেশনের পক্ষ থেকে রমনা পার্কের প্রধান ফটকের সামনে বিনামূল্যে ফিজিওথেরাপি ও আলঝাইমারস লিফলেট বিতরণ করা হয়। প্রতিদিন হাটতে আসা শত শত মানুষ উক্ত অনুষ্ঠানে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে আমাদের সেবা গ্রহণ করেন। ধন্যবাদ জানাই রমনা পার্ক কর্তৃপক্ষকে আমাদেরকে স্থান এবং সার্বিকভাবে নিরাপত্তা প্রদানের জন্য।



On 8 September, the Foundation has observed World Alzheimer's Month and organised an event at Ramna Park, Dhaka. A health camp was organised to create awareness on dementia whilst providing a free health check up for individuals entering the park on Blood pressure, Blood sugar and general health condition. The event also highlighted the Foundations neuro-physiotherapy Centre for on-going rehabilitation support for stroke victims.

ব্রাক বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেল্থ বিভাগের প্রশিক্ষার্থীদের ফাউন্ডেশনের কার্যক্রম ভিজিট

প্রতি বছরের ন্যায় গত ৯ সেপ্টেম্বর '১৫ তারিখ ব্রাক বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেল্থ বিভাগের প্রশিক্ষার্থীরা তাদের পঠিত বিষয়ের বাস্তব জ্ঞান অর্জনের লক্ষ্যে ফাউন্ডেশনের ফিল্ডসহ সার্বিক কার্যক্রম ভিজিট করে। ভিজিট শেষে ফাউন্ডেশনের কাউন্সিলি ডিরেক্টর তাদের সাথে অভিজ্ঞতা বিনিময় করেন।



Like previous years, the post-graduate students of the BRAC University's Public Health Department visited the Foundation on a day-long trip on the 9 September to observe the work and projects conducted by the organisation in domiciliary health care. They were invited for a presentation on health and social care. They also visited homes of service users to gain a perspective on the hardships elders face in Bangladesh. After the visit the Country Director has exchanged views with the participants.



Working for a better society

বিশ্ব আলঝাইমার্স দিবস উপলক্ষে সিটি এফএম ৯৬.০০ রেডিও প্রোগ্রাম

সেপ্টেম্বর বিশ্ব আলঝাইমার্স মাস উপলক্ষে ২১ সেপ্টেম্বর ২০১৫ তারিখ ফাউন্ডেশনের পক্ষ থেকে ডিমেনশিয়া তথা আলঝাইমার্স বিষয়ে সচেতনতার উদ্দেশ্যে সিটি এফএম ৯৬.০০ রেডিওতে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। ফাউন্ডেশনের কান্ট্রি ডিরেক্টর মেজর জেনারেল জীবন কানাই দাস(অব:) এবং জেরিয়েট্রিসিয়ান প্রফেসর ডা. সামনুন এফ তাহা এতে অংশগ্রহণ করেন এবং দর্শকদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশনই প্রথম বাংলাদেশে ডিমেনশিয়া তথা আলঝাইমার্স রোগে আক্রান্ত ব্যক্তিদের বাড়িতে বাড়িতে গিয়ে সেবা প্রদান করে থাকে।



Major General (retd) Jiban Kanai Das was invited by City FM96.00 Radio to talk about the Foundations Campaign for Dementia Awareness in Bangladesh. He presented this on the Month of World Alzheimer's in September. Dr. Samnun Taha, a famous Geriatrician also attended, where a question and answer session was conducted with the listeners. In this connection it is important to note that Sir William Beveridge Foundation is the First organization is trying its best to create an awareness among the ordinary masses about "Dementia" and meet the challenge, it presents.

সেপ্টেম্বর বিশ্ব আলঝাইমার্স মাস উপলক্ষে হেল্থ ক্যাম্প

'সেপ্টেম্বর বিশ্ব আলঝাইমার্স মাস' উপলক্ষে গত ১৮ সেপ্টেম্বর ফাউন্ডেশনের পক্ষ থেকে রমনা পার্কের প্রধান ফটকের সামনে ডিমেনশিয়া সম্পর্কে জানি ও সচেতন হই শ্লোগান নিয়ে বিনামূল্যে স্বাস্থ্যসেবা এবং ডিমেনশিয়া তথ্য ও পরামর্শ আয়োজন করা হয় এবং লিফলেট বিতরণ করা হয়। প্রতিদিন হাটতে আসা শত শত মানুষ উক্ত অনুষ্ঠানে স্বত্বেভাবে অংশগ্রহণ করে আমাদের সেবা গ্রহণ করেন। ধন্যবাদ জানাই রমনা কর্তৃপক্ষকে আমাদেরকে স্থান এবং সার্বিকভাবে নিরাপত্তা প্রদানের জন্য।

The month of September is World Alzheimer's month. On the 18th of the month, with the slogan of "Knowing Dementia and Care about it"- the Foundation has organised a day of free health camp, distributed information leaflets and offered free counseling on Dementia in front of the main gate of Ramna Park in the capital city of Dhaka. Hundreds of people who use the park for walk and jogging have spontaneously joined the health camp and received our services. Thanks to the Ramna park authority for giving us the opportunity to use their facilities.



Training for the Trainers

ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা এবং এক্সিকিউটিভ ডাইরেক্টর ড. রেজাউর রহমান জিলানী প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করেন। তিনি সেভগার্ড অব ভাল্নারেবল এডাল্ট, ইনফেকশন কন্ট্রোল, মুভিং এন্ড হ্যান্ডেলিং এবং অপারেশনাল প্রসিডিউর এর উপর হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করেন।



Founder & Executive Director of SWBF D. Rahman Jilani conduct Training to the Trainers on Safe Gaurd of Vulnerable Adult, Infection Control, Moving, Handling and Operational Procedure.

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০১৫

বিগত ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ 'আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০১৫' উপলক্ষে ঢাকা জেলা প্রশাসকের কার্যালয় থেকে এক বর্ণাঢ্য র্যালীর আয়োজন করা হয়। উক্ত র্যালীতে ঢাকা জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক, এএসপি, তথ্য কর্মকর্তা, ঢাকা জেলার সকল এনজিও প্রতিনিধি এবং অন্যান্য সরকারি-বেসরকারি কর্মকর্তারা অংশগ্রহণ করেন। র্যালী শেষে ঢাকা জেলা প্রশাসকের কনফারেন্স হলে এক আলোচনা সভার অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় জেলা প্রশাসকের অনুপস্থিতিতে অতিরিক্ত জেলা প্রশাসক জনাব জসিম আহমেদ সভাপতিত্ব করেন।



International Day of Rights of Information has duly been observed on September 30, 2015 at the initiative of the office of the Deputy Commissioner, Dhaka. A rally was organised following which a discussion meeting was also organised- which was presided over by ADC (General) Mr Jashim Uddin. Sir William Beveridge Foundation along with other NGOs took part in that.

Success Story of SRPD

বাংলাদেশ সুপ্রীম কোর্টের একজন মহামান্য বিচারপতি। বেশ ক'মাস যাবৎ তীব্র কোমর ব্যথা ও ডান হাঁটুতে আর্থরাইটিসে ভুগছিলেন। কখনো কখনো তাঁকে তীব্র ব্যথায় থমকে যেতে হত। তাঁকে ম্যাকেন্জি মেকানিক্যাল ডায়াগনিসিস ও থেরাপি কনসেপ্ট কোমর ব্যথায় ও মুলিগান কনসেপ্ট হাটু ব্যথায় ফিজিওথেরাপি চিকিৎসা দেওয়া হয়েছিল। ” এখানকার সেশন এর পর আমি এত চমৎকার অনুভব করি যে পরবর্তী সময়ে কাজ করার জন্য শক্তি পাই, এমন কি নামাজের সময় আমার হাটু অনেক বেশি হালকা লাগে”- তিনি বলেন, বর্তমানে তিনি দুই সপ্তাহে একবার ফলোআপে আসছেন।

An Hon'ble Justice of Bangladesh Supreme Court has had severe Low Back Pain with Osteoarthritis of Rt. Knee. Sometimes he had to take off his regular work due to interference of pain. He was treated in Mckenzie Mechanical Diagnosis and Therapy Concept and Mulligan concept for Peripheral Knee management. "I feel so much comfortable and relaxed after the session that it gives me strength enough to work for the next days, even during prayer I fell a flexible knee"- he stated. He is continuing the follow up session now once in two weeks. He is now a well-wisher to physiotherapy service in SRPD.



জনৈক উচ্চ পদস্থ কর্মকর্তার স্ত্রী সার্জারী পরবর্তী হাটু জটিলতায় ভুগছিলেন। ব্যথা, অস্বস্তি এবং পায়ে দুর্বলতার জন্য তিনি ব্রিটেনে কয়েকজন বিশেষজ্ঞের শরণাপন্ন হন। তাদের পরামর্শে তিনি এসআরপিডি থেকে ফিজিওথেরাপি নিতে সম্মত হন। এটা বেশ চ্যালেঞ্জিং ছিল কারণ তিনি ভুল ফিজিওথেরাপি চিকিৎসার শিকার হয়ে আস্থাহীনতায় ভুগছিলেন। বর্তমানে তাঁর হাটুতে আর কোন সমস্যা হচ্ছে না এবং তিনি কোমর ব্যথার জন্য দুই সপ্তাহে একবার ফলোআপ চিকিৎসাসেবা নিচ্ছেন।

Wife of a senior government official was suffering from post-operative knee complications for several years. For the pain, discomfort and motor weakness she consulted several specialists in UK. According to their suggestion, she agreed to take Physiotherapy interventions from SRPD. It was a challenge for the professionals because she was severely osteoporotic and she experienced some malpractice of Physiotherapy. But now she is completely all right with her knee and continuing follow up for Postural Backache once in two weeks.

Success Story of Home Care Service

সাদিয়া ইয়াসমিন (আসল নাম নয়), বয়স ৩০ বছর, দুই সন্তানের জননী। স্বামী-সন্তান নিয়ে সুখে জীবন-যাপন করছিলেন। ২০১৫ সালের জানুয়ারি মাসে হঠাৎ করে তার জীবনে নেমে আসে কালশৈথিল্য। তিনি জিবি এস নামক এই রোগে আক্রান্ত হলেন। মূহুর্তে তার জীবনের ছন্দ কেটে গেল। দিব্যি সুস্থ-সবল কর্মময় মানুষটি হয়ে গেল শয্যাশায়ী। হাসপাতালে থাকা অবস্থায় তাঁর এই দুর্দশা সহ্য করতে না পেরে স্বামী মারা যান। ১০ বছর বয়সী ছেঁট্র ছেলেকে অন্যের কাছে দিয়ে দিলেন। এরপর তিনি পরিবারের ভাই-বোনদের দয়ায় ভাসমান জীবন-যাপন শুরু হল। এমন সময় ফাউন্ডেশনের সাথে তার ভাই যোগাযোগ করে আমাদের হোমকেয়ার সার্ভিস এর জন্য আবেদন করলেন। ফাউন্ডেশন থেকে তার জন্য নার্স নিয়োগ করা হল এবং ফিজিওথেরাপীর ব্যবস্থা করা হল। এরপর তিনি আবার বোনের বাসায় বসবাস করা শুরু করলে আবার তাকে আমরা সেবা প্রদান করি। মাত্র ৬ মাস ধরে তার সেবা চলছে। এর মধ্যে সবচেয়ে আনন্দের খবর হচ্ছে তিনি শয্যাশায়ী থেকে এখন ওয়াকার দ্বারা হাঁটা চলাফেরা করতে পারেন। সপ্তাহে একদিন ফাউন্ডেশনের একাধিক কর্মী তার বাসা থেকে অফিসে ফিজিওসেন্টারে এনে তাকে ফিজিও থেরাপী দেয়া হয়।



Beveridge Client Sadia Yasmin (pen name), 30 years old, female, mother of two kids was leading a happy life with her husband. Since January 2015 she was affected by GBS and become bed-ridden. Suddenly her husband also died and she had to give her only son for adoption. She became a 'Floated-Lady' in her sister's house. Then her brother contacted with the Foundation and we appointed a Care-nurse for her assistance. Also Home exercises had been provided under the guidance of Graduate Physiotherapist. Now we feel happy that she can walk with the assistance and is no more a bed- bounded lady.

Working for a better society

Country Director delivering a lecture on "Ageing and Health" at BRAC University

ফাউন্ডেশনের কান্ট্রি ডিরেক্টর মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:) গত ৭ আগস্ট ২০১৫ তারিখ "এজিং এন্ড হেল্থ" বিষয়ে জেমস পি গ্র্যান্ট স্কুল অব পাবলিক হেল্থ, ব্রাক বিশ্ব বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে একটি ক্লাস নেন। সেখানে তিনি বাংলাদেশের প্রবীণদের বর্তমান পরিস্থিতি, স্বাস্থ্য ও সেবার উপর বিশদ আলোচনা করেন এবং বেভারিজ ফাউন্ডেশনের সার্বিক কার্যক্রম তাদের সামনে তুলে ধরেন।



Country Director delivered a lecture at James P Grant School of Public Health, BRAC University during which he dwelt upon the elders in Bangladesh their health and other Socio-economic conditions.

ইউকে থেকে বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার এর বাংলাদেশ ভিজিট

ফাউন্ডেশনের ইউকে অফিস এর বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার রাজীভ নাঈয়ার জিলানী বাংলাদেশে আসেন। তিনি বাংলাদেশের হোমকেয়ার সার্ভিস এর আওতায় বিনামূল্যে সেবাপ্রাপ্তকারীদের বাড়িতে বাড়িতে গিয়ে ভিজিট করেন। ভিজিট শেষে প্রত্যেক সেবাপ্রাপ্তকারীকে একটি গীফট প্যাকেট প্রদান করেন।



UK Business Development Manager Rajeev Nayeer Jilani visited Bangladesh office. He also paid visit to see our Home Care Service. He is seen with the Clients and our Care Givers.

সুইডেন প্রবাসী হাসান পাটওয়ারী এর বাংলাদেশ অফিস ভিজিট

গত ৭ জুলাই ২০১৫ তারিখ সুইডেন প্রবাসী হাসান পাটওয়ারী বাংলাদেশ অফিস ভিজিট করেন। তিনি ফাউন্ডেশনের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবগত হন এবং বেভারিজ কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। তিনি ফাউন্ডেশনের জন্য অনুদান প্রদান করেন এবং ভবিষ্যতে আমাদের সহযোগিতা করার প্রত্যয় ব্যক্ত করেন। ফাউন্ডেশনের সকল স্টাফদের তিনি আন্তরিকভাবে তার সাভারের রিসোর্টে আমন্ত্রণ জানান। ফাউন্ডেশনের পক্ষ থেকে প্রতিষ্ঠাতা এবং এক্সিকিউটিভ ডাইরেক্টর সহ সকল স্টাফরা জনাব পাটওয়ারীর আতিথেয়তায় মুগ্ধ।



Swedish Residence Bangladeshi Businessman Hasan Patwary visited SWBF-BD office. He expressed his deep satisfaction and gratitude about the projects at SWBF-BD. He donated a good sum to the Foundation and invited SWBF Staffs at his resort at Savar. The SWBF staffs are highly pleased with his hospitality.



Sir William Beveridge
Foundation

স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশন এর সেবা সমূহ:

হোমকেয়ার সার্ভিস

স্বাস্থ্য সেবা

- ❖ ফিজিওথেরাপি (বিশেষজ্ঞের পরামর্শ অনুযায়ী)
- ❖ ডায়াবেটিক চেক করা
- ❖ ব্লাড প্রেশার চেক করা
- ❖ ড্রেসিং/আনড্রেসিং করা (ডাক্তারের পরামর্শ অনুযায়ী)
- ❖ ক্যাথেটার সেটিং
- ❖ ঔষধ খাইয়ে দেয়া (ডাক্তার ও অভিভাবকের নির্দেশ অনুযায়ী)

গৃহস্থালির পরিচর্যা

- ❖ বিছানা পত্র পরিপাটি করা
- ❖ কাপড় চোপড় গুছিয়ে রাখা
- ❖ বিছানার চাদর পরিবর্তন করা
- ❖ খাবার গরম করে দেয়া
- ❖ সেবা গ্রহীতার ঘর পরিষ্কার করা

ব্যক্তিগত পরিচর্যা

- ❖ হাঁটা চলাতে সাহায্য করা
- ❖ ধরে ধরে হাঁটানো
- ❖ খাওয়া-দাওয়া করানো
- ❖ বিছানা থেকে ওঠানো
- ❖ বিছানায় নিয়ে শোয়ানো
- ❖ চুল ধুয়ে মুছে আঁচড়িয়ে দেয়া
- ❖ গোসল করানো/গা স্পঞ্জ করানো
- ❖ পোশাক পরিবর্তন করা
- ❖ হাত ও পায়ের নখ কেটে দেয়া
- ❖ দাঁত মেজে দেয়া
- ❖ টয়লেটিং-এ সাহায্য করা
- ❖ সেবা গ্রহণকারীকে সঙ্গ দেয়া

স্পেশাল কেয়ার:

- ডিমেনশিয়া হোমকেয়ার
- প্যালিয়েটিভ কেয়ার
- সেন্টার ফর স্ট্রোক রিহ্যাবিলিটেশন, ফিজিওথেরাপী এন্ড ডিমেনশিয়া (এসআরপিডি), সময়: প্রতিদিন সকাল ১০টা হতে রাত ৮ টা

আমাদের সেবা পেতে যোগাযোগ করুন:

ফাতেমা আজার - ০১৭৩ ০০৫ ৭৪০৩, শিল্পী আজার - ০১৭৩ ০০৫ ৭৪০৭,
তাছলিমা সুলতানা- ০১৭৩০০৫৭৪০২, সুখরঞ্জন বাউড়ে - ০১৭৩ ০০৫ ৭৪০৮

ফিজিওথেরাপিস্ট এমরান হোসেন - ০১৭৩০০৫৭৪০৯, ফিজিওথেরাপিস্ট সঞ্চিতা পাল- ০১৭৩০০৫৭৪১০ (এসআরপিডি)

উল্লেখ্য: সর্বসাধারণের সেবার জন্য ডিমেনশিয়া হেল্পলাইন চালু হয়েছে। সময়: প্রতিদিন দুপুর ১২ টা হতে ১ টা (শুক্রবার বন্ধ)

ডিমেনশিয়া হেল্পলাইন - ০১৭৩৩২২২৯৯৯

Dhaka Office:

52/1, New Eskaton Road
Hasan Holdings (6th floor)
Dhaka 1000
Bangladesh
Tel: 88 02 9353633
Fax: 88 02 9361500
E-mail: hob.swbf@hotmail.com
www.beveridgefoundation.org

London Office:

Ferguson House
113, Cranbrook Road
Essex, IG 1 4PU
United Kingdom
www.beveridgefoundation.org

সম্পাদনায়: শিল্পী আজার

Edited by: Shilpi Akhter

Working for a better society